

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ । কর
বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি টেক্নো স্টেচ ট্রান্সফার
কেন্দ্রিক ভবন, বিসিএসআই... কমপ্লেক্স
ধানমন্ডি, ঢাকা

নং: ৩৯,০০০-০০,০০০,২৫,০০০,১৭,

তারিখ: ১৪ প্রেস ১৪২৮
জানুয়ারি ২০১৮

ফেলোশিপ বিজ্ঞপ্তি

বিষয় : ২০১৮ অর্থ বছরে দ্বিতীয় দফায় - ক্ষেত্র বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রান্সফার এর আওতায় শুধুমাত্র বিজ্ঞান এবং প্রযুক্তি বিষয়ে
উচ্চ শিক্ষায় (এমএস, পিইচডি, পিইচডি উত্তর) ফেলোশিপের প্রদান আহ্বান।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের নিঃস্বাক্ষর বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রান্সফার আওতায় বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে
দেশে-বিদেশে উচ্চতর শিক্ষায় (এমএস, পিইচডি, পিইচডি উত্তর) ফেলোশিপ প্রদানের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট
থেকে নিম্নরূপ শর্ত ও নীতিমালা অনুযায়ী নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান দ্বারা ঘূষ্টে:

- (১) বেত বা বিশ্ববিদ্যালয়ের ন্যূনতম ৩টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে অথবা সিঙ্গিপ্রে ৩,০০ (স্লে ৪,০ এর ক্ষেত্রে) এবং
সিঙ্গিপ্রে ৪,০০ (স্লে ৫,০০ এর ক্ষেত্রে) অথবা ৬০% বা তদূর্ধৰ মূল্যের হিকুতে হবে এবং কোন পর্যবেক্ষণ তৃতীয় বিভাগ/শ্রেণি বা
সমতূল্য গ্রহণযোগ্য হবে না।
- (২) দেশে ডক্টরাল ও পোস্ট ডক্টরাল কোর্সে বাংলাদেশের খ্যাতিমান পাবলিক বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নের জন্য ফেলোশিপ প্রদান করা
হবে এবং বিদেশে এমএস/সমমান ও ডক্টরাল কোর্সে এশিয়া ও ইউরোপ মহাদেশের বিভিন্ন দেশে এবং অস্ট্রেলিয়ার বিভিন্ন
বিশ্ববিদ্যালয়/ইন্সটিউটে অধ্যয়নের জন্য ফেলোশিপ প্রদান করা হবে; তবে যে সকল দেশের সঙ্গে বাংলাদেশের সরাসরি আর্থিক
লেনদেন নেই সে সকল দেশে অধ্যয়নের জন্য আবেদন গ্রহণযোগ্য হবে না।
- (৩) আবেদন ভূমাদানের শেষ তারিখে বয়স এমএস (বিদেশে) কোর্সের ক্ষেত্রে অনুর্ধ্ব ৪০ বছর, ডক্টরাল (দেশে ও বিদেশে) কোর্সের
ক্ষেত্রে অনুর্ধ্ব ৪৪ বছর, পোস্ট ডক্টরাল (দেশে) কোর্সের ক্ষেত্রে অনুর্ধ্ব ৪৮ বছর হতে হবে।
- (৪) যারা এমএস (বিদেশে), ডক্টরাল (দেশে ও বিদেশে), পোস্ট ডক্টরাল (দেশে) কোর্সে ভর্তি হয়েছেন/ ভর্তির অফার পেয়েছেন কিন্তু
আর্থিক অনুদানের অভাবে শিক্ষাজীবন আরাণ্ড করতে পারছেন না তাদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- (৫) যাতকোতের পর্যায়ে ইংরেজিতে অভিসন্দর্ভ রচনার পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে।
- (৬) কম্পিউটার সম্পর্কে Microsoft Office, E-mail, Internet Browsing এ অভিজ্ঞতা রয়েছে, দেশি/বিদেশি জার্নালে
গবেষণামূলক প্রকাশ করেছেন এবং বিবাহিত প্রার্থী যাদের অনধিক ২ সন্তান রয়েছে এমন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
- (৭) ট্রান্সফার অফিস হতে ফেলোশিপের আবেদন ফরম সংগ্রহ করা যাবে অথবা বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েবসাইট
(www.most.gov.bd) হতেও ডাউনলোড করা যাবে।
- (৮) মনোনীত প্রার্থীদের সর্বোচ্চ দুই বছর মেয়াদি এমএস (বিদেশে)/চার বছর মেয়াদি ডক্টরাল (দেশে ও বিদেশে)/এক বছর মেয়াদি
পোস্ট ডক্টরাল (দেশে) কোর্সের জন্য ফেলোশিপ প্রদান করা হবে এবং ছয়মাস অন্তর-অন্তর কাজের অগ্রগতি মূল্যায়ন করা হবে।
- (৯) ট্রান্সফার কর্তৃক গঠিত একটি কমিটি প্রার্থীদের দরখাস্ত বিবেচনা করে নির্বাচনের সুপারিশ করবে, যা এওয়ার্ড করিটি চূড়ান্ত করবে।
- (১০) নির্বাচিত ফেলোর গ্যারান্টরগণ এই মর্মে ৩০০ টাকার ননজুড়িশিয়াল স্টাম্পে বন্ড প্রদান করবেন যে, ডিপ্রিলাভের পর ফেলো নিজ
দেশের সরকারি অথবা কোন সংস্থায় চাকুরি/ সেবা প্রদান করবেন। শর্ত ভঙ্গকারী ফেলোদের বিরুদ্ধে অর্থ আদায়সহ আইনানুগ ও
বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (১১) মনোনীত প্রার্থীকে শারীরিক ও মানসিকভাবে উপযুক্ত হতে হবে।
- (১২) মনোনীত প্রার্থীকে শারীরিক ও মানসিকভাবে উপযুক্ত হতে হবে।
- (১৩) সম্প্রতি তোলা ও কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ, পরীক্ষার মার্কশিট/গ্রেড পয়েন্ট এর সত্যায়িত কপি,
ভর্তি অফার লেটার, সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের গবেষণা কর্মের সুপারভাইজার এর মতামতসহ পূরণকৃত আবেদনপত্র আগামী
২৫-০২-২০১৮ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট (প্রধান নির্বাহী কর্মকর্তা, বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রান্সফার,
বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণ পরিষদ (BCSIR), স্লিনিক ভবন, ৩৪, ডঃ কুদরত-ই খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫)
রেজিস্ট্রার্ড ডাকঘরে বা সরাসরি ৫ হাতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচনা করা হবে না।
- (১৪) দেশে অধ্যয়নরত প্রার্থীগণ স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের মাধ্যমে (অথবা বিভাগীয় প্রধানের মাধ্যমে) আবেদন করবেন এবং
সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করবেন।
- (১৫) কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন/পরিবর্ধন এবং যে কোন ফেলোর আবেদন বিবেচনা/বাতিলের নিরঙুশ ক্ষমতা
সংরক্ষণ করেন।
- (১৬) ফেলোশিপ প্রদান সম্পর্কিত নীতিমালাটি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দেখা যাবে।

মোহাম্মদ আবেদুল মানমান

প্রধান নির্বাহী কর্মকর্তা

বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রান্সফার

১৪-১৫-১৮৮৭